# বিভাগীয় মাসিক সভার কার্যবিবরণী

স্থান ঃ উপপরিচালকের কার্যালয়, ডিএই, খামারবাড়ি, ঠাকুরগাঁও।
তারিখ ঃ ২২/০৪/২০২৪ খ্রি.
সময় ঃ সকাল ১০.০০ টা
উপস্থিতি ঃ হাজিরা খাতায় সংরক্ষিত।
সভাপতি ঃ মোঃ সিরাজুল ইসলাম, উপপরিচালক, ডিএই, খামারবাড়ি, ঠাকুরগাঁও।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং জেলা প্রশিক্ষণ অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। জেলা প্রশিক্ষণ অফিসার গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন অসঙ্গতি না থাকায় কার্যবিবরণী দৃঢ়িকরণ করা হয়। সভায় আলোচিত এজেন্ডা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরুপ ঃ

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১ | বোরো আবাদ ও বর্তমান করণীয় বিষয়ক | অতিরিক্ত উপপরিচালক (শস্য) সভায় জানান যে, এ বছর বোরো আবাদের লক্ষ্যমাত্রা ছিল ৬২০৮০ হে. অর্জিত হয়েছে ৬২১৫০ হে.। উপপরিচালক মহোদয় সভায় জানান যে, চলমান তাপ প্রবাহে জমিতে ২-৩ ইঞ্চি পানি ধরে রাখতে হবে। সেচ যন্ত্রগুলো সচল রাখতে হবে। প্রত্যেক উপজেলায় তাপমাত্রা রেকর্ড রাখতে হবে। বিভিন্ন প্রশিক্ষণে, লিফলেট বিতরণ চলমান, দলীয় সভা, উঠান বৈঠকে তাপ প্রবাহের করণীয় নিয়ে আলোচনা করতে হবে। | ১। বোরো আবাদে কৃষক যেন নির্বিঘ্নে ফসল ঘরে তুলতে পারে সে জন্য নিয়মিত মাঠ মনিটরিং ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং তাপ প্রবাহে করণীয় বিষয়ে প্রচারণা চালাতে হবে।<br>২। প্রত্যেক উপজেলা তাপমাত্রা রেকর্ড রাখতে হবে।<br>৩। জমিতে ২-৩ ইঞ্চি পানি ধরে রাখতে হবে।<br>৪। সেচ যন্ত্রগুলো সচল রাখতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ২ | আউশ আবাদ অগ্রগতি | অতিরিক্ত উপপরিচালক (শস্য) সভায় জানান যে, এ বছর আউশ আবাদের লক্ষ্যমাত্রা ছিল ২০০০০ হে.। এ পর্যন্ত ১৫১৪৫ হে. অর্জিত হয়েছে-যা আবাদের ৭৬%। | ১। আউশ আবাদে কৃষক যেন নির্বিঘ্নে ফসল ঘরে তুলতে পারে সে জন্য নিয়মিত মাঠ মনিটরিং ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। আউশ ফসলে দৃশ্যমান পার্চিং , লাইন ও লোগো নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৩ | প্রণোদনা বাস্তবায়ন অগ্রগতি (আউশ, পাট ও গ্রীষ্মকালীন পেঁয়াজ) | অতিরিক্ত উপপরিচালক (শস্য) সভাকে জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে খরিপ-১/২৩-২৪ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় জেলায় পাট ৩৬০০ বিঘা এবং আউশ ১৪০০০ বিঘার বীজ ও সার ইতোপূর্বে বিতরণ সম্পন্ন হয়েছে। আউশ বীজতলার অবস্থা ভালো। পাট বীজ বপণের কাজ চলমান রয়েছে। আউশের প্রণোদনা কর্মসূচি কম্প্যাক্ট আকারে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। ৫ একর জমিতে ক্লাস্টার আকারে আউশ রোপণ নিশ্চিত করতে হবে। গ্রীষ্মকালীন পেঁয়াজ ৬০০ বিঘা বরাদ্দ পাওয়া গেছে এবং উপজেলাওয়ারী উপবরাদ্দ প্রদান করা হয়েছে। অনুর্বর, পতিত জমিতে পেঁয়াজের বীজতলা এবং চারা রোপণ করা যাবে না। পেঁয়াজের বীজ তলায় ডলোচুন প্রয়োগ করতে হবে। চাষী নির্বাচন, জমি নির্বাচন এবং ব্যবস্থাপনা সঠিকভাবে করতে হবে। | ১। নির্দেশনা অনুযায়ী প্রণোদনা কর্মসুচি বাস্তবায়ন করতে হবে।<br>২। মাঠ পর্যায়ে মনিটরিং জোরদারকরণ করতে হবে।<br>৩। প্রত্যেক উপজেলায় প্রতিটি ব্লকে কম্প্যাক্ট আকারে আউশের প্রণোদনা বাস্তবায়ন করতে হবে।<br>৪। ৫ একর করে ক্লাস্টার আকারে আউশ রোপণ নিশ্চিত করতে হবে।<br>৫। গ্রীষ্মকালীন পেঁয়াজের চাষী নির্বাচন, জমি নির্বাচন এবং ব্যবস্থাপনা সঠিকভাবে করতে হবে।<br>৬। প্রণোদনা কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে অত্র অফিসে মাস্টাররোল প্রেরণের সিদ্ধান্ত হয়। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৪ | বিভিন্ন প্রকল্প/রাজস্ব খাত/সমলয়/প্রণোদনার আওতায় প্রদর্শনী ও মাঠ দিবসের বাস্তবায়ন অগ্রগতি | বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রকল্পের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে প্রদর্শনী ও মাঠ দিবস সমূহ বাস্তবায়ন করতে হবে। সমলয় প্রদর্শনী ও প্রণোদনা কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য উপপরিচালক মহোদয় সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | ১। প্রদর্শনী যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | ফসলের রোগ পোকা পরিস্থিতি ও উদ্ভিদ সংরক্ষণ বিষয়ক কার্যক্রম | অতিরিক্ত উপপরিচালক (পিপি) মাঠে দন্ডায়মান বিভিন্ন ফসলের রোগ বালাই পরিস্থিতি নিয়ে সংশ্লিষ্ট সকলের মাঠ মনিটরিং জোরদার করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। বোরোধানের পোকা মাকড়ের উপস্থিতি জানার জন্য নিয়মিত অতন্দ্র জরীপ বিষয়ে আলোচনা করেন। অতন্দ্র জরীপ কার্যক্রমে মাঠে অবশ্যই এইও এবং এসএপিপিও গণকে উপস্থিত থেকে মাঠ থেকে সংগৃহীত তথ্য ফরম-১ ও ফরম-২ যথাযথভাবে পূরণ পুর্বক সংরক্ষণের বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও চলমান তাপদাহ ও ব্লাস্ট রোগের আক্রমনে করণীয় বিষয়ে আলোচনা হয় এবং গ্রীষ্মকালীন ভুট্টাতে বর্তমান আবহাওয়ায় ফলআর্মিওয়ার্ম এর আক্রমণ বিষয়ে আলোচনা হয়। | ১। প্রতি সপ্তাহের সোমবার অতন্দ্র জরীপ কার্যক্রম পুরো জেলায় একযোগে করার ব্যাপারে সিদ্ধান্ত হয়।<br>২। চলমান তাপদাহে বোরো ফসলের যাতে কোন ক্ষতি না হয় সে ব্যাপারে জমিতে পানি ধরে রাখা, পটাশ সারের ব্যবহার এবং অনুমোদিত ছত্রাকনাশক স্প্রে করার পরামর্শ প্রদানের সিদ্ধান্ত হয়। এছাড়াও ব্লাস্ট রোগ ব্যবস্থাপনায় করণীয় বিষয়ে লিফলেট প্রদান, উঠান বৈঠক, কৃষক সমাবেশ ইত্যাদির মাধ্যমে ব্যাপক প্রচারণার সিদ্ধান্ত হয়।<br>৩। গ্রীষ্মকালীন ভুট্টাতে বর্তমান আবহাওয়ায় ফলআর্মিওয়ার্ম এর আক্রমণের বিষয়ে নিবিড় পর্যবেক্ষণ অব্যাহত রেখে কৃষককে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত হয়। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৬ | রাসায়নিক সার মজুদ, সরবরাহ পরিস্থিতি ও মনিটরিং | বিভিন্ন রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি নিয়ে সভায় আলোচনা করা হয়। বরাদ্দ ও আগমনীবার্তা অনুযায়ী সারের মজুদ সরেজমিনে যাচাইপূর্বক বিক্রয়ের অনুমতি প্রদানের জন্য বলা হয়। | ১। সার মনিটরিং জোরদার করতে হবে।<br>২। ভেজাল প্রমাণিত সারের মজুত ও বিপণনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৭ | অনাবাদি পতিত জমির ব্যবহার | <u>প্রকল্পের আওতায়:</u><br>অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনার বিষয়ে সভায় আলোচনা হয়। অনাবাদি পতিত ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টিবাগান প্রকল্পের আওতায় বাস্তবায়িত পূর্বের প্রদর্শনীসমূহ প্রকল্পের আওতায় চলমান অর্থ বছরের (২০২৩-২৪) বরাদ্দপ্রাপ্ত পারিবারিক পুষ্টি বাগান, শিক্ষা প্রতিষ্ঠানে পুষ্টিবাগান ও আশ্রয়ন প্রকল্পের পুষ্টিবাগানগুলি যথাযথভাবে বাস্তবায়ন ও আশ্রয়ন প্রকল্পের ছবি, ভিডিও ও সফলতার গল্প তৈরির জন্য উপপরিচালক মহোদয় উপজেলা কৃষি অফিসারদের নির্দেশনা প্রদান করেন।<br><u>উদ্বুদ্ধকরণের মাধ্যমে:</u><br>উদ্বুদ্ধকরণের মাধ্যমে বিভাগীয় নির্দেশনা অনুসারে প্রত্যেক উপসহকারী কৃষি কর্মকর্তা তার ব্লকের আশ্রায়ন/ আবাসনে কৃষি বিষয়ক পরামর্শ ইতোপূর্বে প্রেরিত ছকপত্র মোতাবেক প্রদান করবেন। | ১। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (প্রতি ইঞ্চি জমির সদ্ব্যবহার) বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। প্রকল্পের আওতায় পূর্বের বাগান পরিষ্কার পরিচ্ছন্ন করে সবজির বাগান তৈরী এবং শস্য বিন্যাস অনুযায়ী বাগান সাজাতে হবে, ৫ বেডে ৫ রকমের সবজি থাকতে হবে।<br>৩। চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। আগামী সভায় চলমান কার্যক্রমের প্রমাণক উপস্থাপন করতে হবে।<br>৫। প্রদর্শনী যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৬। আশ্রায়ন প্রকল্পের ছবি, ভিডিও ও সফলতার গল্প তৈরির জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৮ | শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন এবং কৃষি বাতায়ন ওয়েবসাইট হালাগাদকরণ | শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন এবং কৃষি বাতায়ন ওয়েবসাইট হালাগাদকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। নীতিমালা অনুযায়ী শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>২। কৃষি বাতায়ন ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ৯ | রেকর্ড-পত্রাদি সংরক্ষণ | ১। সকল তথ্য হালনাগাদ রাখা এবং সময়মতো রিপোর্টিং এর বিষয়ে তাগিদ প্রদান করা হয়। বিল-ভাউচার, স্টক রেজিস্টার, উপকরণ বিতরণের রেজিস্টার হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা হয়। সারের আগমনী বার্তায় ডকেট নাম্বার বসাতে হবে। এক নজরে প্রদর্শনীর তালিকা থাকতে হবে। | ১। উপজেলা ও ব্লক পর্যায়ের সাথে সংগতি রেখে জেলায় তথ্য প্রেরণ করতে হবে।<br>২। বিল-ভাউচার, স্টক রেজিস্টার, উপকরণ বিতরণের রেজিস্টার হালনাগাদ রাখতে হবে।<br>৩। সারের আগমনী বার্তায় ডকেট নাম্বার অবশ্যই বসাতে হবে।<br>৪। এক নজরে প্রদর্শনীর তালিকা প্রস্তুত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিস (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | ভিজিটিং কর্ণার স্থাপন বিষয়ক অগ্রগতি | সভায় অতিরিক্ত পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী প্রত্যেক উপজেলায় প্রতি ব্লকে ভিজিটিং কর্ণার স্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। জেলা প্রশিক্ষণ অফিসার মহোদয় সভায় বলেন যে, পুষ্টি গ্রামের আশেপাশে মিনি বাগান দিয়ে ভিজিটিং কর্ণার তৈরি করা যেতে পারে। | ১। অতিরিক্ত পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক বিশেষ কর্মসূচি যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।<br>২। প্রত্যেক ব্লকে ভিজিটিং কর্ণার স্থাপন করতে হবে।<br>৩। প্রত্যেকটি ব্লকে ১টি করে গ্রাম বিশেষ কর্মসূচির আওতায় আনতে হবে।<br>৪। পুষ্টি গ্রামের আশেপাশে মিনি বাগান দিয়ে ভিজিটিং কর্ণার তৈরি নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ১১ | প্রশিক্ষণ | জেলা প্রশিক্ষণ অফিসার মডিউল-সিডিউল যথাসময়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করেন। উপজেলায় পাক্ষিক অধিবেশন ও প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্নকরণ এবং প্রশিক্ষণ/কর্মশালাতে Power Point উপস্থাপনা নিশ্চিতকরণের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। | ১। মডিউল-সিডিউল যথাসময়ে প্রেরণ করতে হবে।<br>২। পাক্ষিক প্রশিক্ষণ/অধিবেশন এবং প্রশিক্ষণ/কর্মশালায় Power Point উপস্থাপন নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |
| ১২ | বিবিধ | ১। অতিরিক্ত পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক কৃষি পরামর্শ কেন্দ্রে এসএএওদের নাম, মোবাইল নম্বর থাকতে হবে।<br>২। কৃষকদের ধান ক্রয়ের জন্য অনলাইনে আবেদনের বিষয়টি সভায় আলোচনা হয়।<br>৩। উপপরিচালক মহোদয় সভায় খামারী এ্যাপস্ ব্যবহারের বিষয়টি আলোচনা করেন। সকল প্রকার ডাটা রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।<br>৪। মনিটরিং অফিসার, তেল জাতীয় ফসলর উৎপাদন বৃদ্ধি প্রকল্প, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর জানান যে, বর্ণিত প্রকল্পের আওতায় জেলায় শ্রেষ্ঠ তেল উৎপাদনকারী চাষীকে পুরস্কার প্রদান করা হবে সে মোতাবেক প্রতি উপজেলা হতে ৫ জন শ্রেষ্ঠ তেল উৎপাদনকারী কৃষকের তালিকা জেলায় প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। কৃষি পরামর্শ কেন্দ্রের এসএএওদের নাম, মোবাইল নম্বর থাকতে হবে।<br>২। ধান ক্রয়ের জন্য কৃষকদের অনলাইনে আবেদন অনুমোদন করতে হবে।<br>৩। খামারী এ্যাপস্ এর ব্যবহার বিষয়ক সকল প্রকার ডাটা রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।<br>৪। যথাসময়ে প্রতি উপজেলা হতে ৫ জন শ্রেষ্ঠ তেল উৎপাদনকারী কৃষকের তালিকা জেলায় প্রেরণ করতে হবে। | উপজেলা কৃষি অফিস (সকল) |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৫/৪/২৪

মোঃ সিরাজুল ইসলাম
উপপরিচালক
ফোন: ০২৫৮৯৯৩১৬৩৯
ইমেইল-dddaethakurgaon@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঠাকুরগাঁও

স্মারক নং: ১২.১৭.৯৪০০.০৪১.১৪.০৩৯.২২. ৭০৫ তারিখ : ২৫/০৪/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।
০৩। জেলা প্রশিক্ষণ অফিসার, অত্র দপ্তর।
০৪। অতিরিক্ত উপপরিচালক (শস্য/পিপি/উদ্যান), অত্র দপ্তর।
০৫। উপজেলা কৃষি অফিসার, সদর/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রাণীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও।

২৫/৪/২৪

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর